

RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

B.A./B.Sc. FIRST SEMESTER EXAMINATION, DECEMBER 2018

FIRST YEAR (BATCH 2018-21)

BENGALI (Honours)

Date : 14/12/2018

Time : 11.00 am – 3.00 pm

Paper : I

Full Marks : 100

- ১। যে-কোনো কুড়িটি প্রশ্নের উত্তর দাও : [২০×১]
- ১.১ কত সংখ্যক চর্যায় নৃত্য ও গীতের উল্লেখ আছে? পদটির রচয়িতা কে?
- ১.২ ‘শ্রীকৃষ্ণকীর্তনের কোন্ খণ্ডে কৃষ্ণের ‘মজুরি’ বৃত্তির পরিচয় আছে?
- ১.৩ চৈতন্যদেবের তিরোধানের বাস্তব তথ্য দিয়েছেন কোন্ জীবনীকার?
- ১.৪ বাংলা সাহিত্যের প্রথম সন তারিখ যুক্ত গ্রন্থ কোনটি?
- ১.৫ শাহ মুহম্মদ সগীরের কাব্যের উপকাহিনিতে নায়ক-নায়িকার নাম উল্লেখ করো।
- ১.৬ মধ্যযুগের বাংলা সাহিত্যের পর্ব বিভাজন করে প্রতি পর্বের সময়কাল ও একটি করে কবিসহ কাব্যনাম লেখো।
- ১.৭ কোন্ মঙ্গলদেবতা প্রায় সব মঙ্গলকাব্যেই উপস্থিত রয়েছেন?
- ১.৮ ‘কেবল আসার আশা’ — ‘আসা’ ও ‘আশা’ কোন্ অর্থে প্রযুক্ত হয়েছে?
- ১.৯ বিদ্যাপতি তাঁর কোন্ গ্রন্থে নিজেকে ‘খেলন কবি’ বলে উল্লেখ করেছেন?
- ১.১০ পঞ্চরসের মধ্যে শ্রেষ্ঠ কোনটি?
- ১.১১ ‘সদুক্তিকর্ণামৃত’ নামক সংস্কৃত শ্লোক সংকলন গ্রন্থটির সংকলক কে?
- ১.১২ স্বনিম্ন কাকে বলে?
- ১.১৩ সাধক রামপ্রসাদকে ‘কবিরঞ্জন’ উপাধিতে কে ভূষিত করেছিলেন?
- ১.১৪ ‘মদন গরল খণ্ডন রাখা মাথার মণ্ডন মোরে।।’ — কোন্ খণ্ডে এই বক্তব্যটি রয়েছে?
- ১.১৫ ‘বাঙালি জাতি’ কাকে বলে?
- ১.১৬ ‘পাস্তিক সত্তা’র প্রাণ কী?
- ১.১৭ মৌলিক স্বরধ্বনির সংখ্যা কত?
- ১.১৮ ‘চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা’ — এখানে কোন্ অলংকার দেখা গিয়েছে?
- ১.১৯ কাকু বক্রোক্তি বলতে কী বোঝায়?
- ১.২০ শ্লেষ ও যমকের পার্থক্য কী?
- ১.২১ ‘আপনা মাংসে হরিণী বৈরী’ — পদটির রচয়িতা কে?
- ১.২২ ‘কবীন্দ্রবচন সমুচ্চয়’ নামক সংকলন গ্রন্থে কতজন কবির কটি শ্লোক সংকলিত হয়েছে?
- ১.২৩ ‘সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু’ — পদটির রচয়িতা কে?
- ১.২৪ সাধক কমলাকান্ত ভট্টাচার্যের পিতা ও মাতার নাম উল্লেখ করো।
- ১.২৫ ‘Confusion of issues’ কথার অর্থ কী?
- ২। ‘জাতি, সংস্কৃতি ও সাহিত্য’ প্রবন্ধানুসারে বাঙালির জাতিসত্তার পরিচয় দাও। প্রাবন্ধিক কেন বলেছেন, ‘ভাষা না হইলে nation বা জাতি হয় না’? [৮+২]
- অথবা
- “ষোড়শ ও সপ্তদশ শতকে এক সত্যকার গৌরবময় বৃহত্তর বঙ্গের প্রতিষ্ঠা করিল।” — কীভাবে এই কর্মটি বাস্তবায়িত হয়েছিল, তা লেখো। [১০]
- ৩। রামায়ণের সর্বাধিক জনপ্রিয় অনুবাদক কে? তাঁর কাব্যরচনাকাল ও বংশ পরিচয় উল্লেখ করে এই কাব্যের জনপ্রিয়তার কারণগুলি লেখো। [১+২+২+৫]
- অথবা
- চর্যাপদের আবিষ্কার ও প্রকাশ কীভাবে হয়েছিল? চর্যাপদগুলিতে সমকালীন সমাজ জীবনের যে পরিচয় ফুটে উঠেছে তা বিধৃত করো। [১+২+৭]
- ৪। উচ্চারণের স্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণিকরণ করো। [১০]

অথবা

যে কোনো পাঁচটি শব্দের শুদ্ধ বানান লেখো এবং তাদের অশুদ্ধির কারণ লেখো।
সরণাপন্ন, শ্রমজিবি, দুর্ধস, প্রতিদ্বন্দিতা, জাতিশ্বর, কিংকর্তব্যবিমূর, হৎস্পন্দন।

- ৫। সংজ্ঞাসহ অলংকার নির্দেশ করো (যে কোনো দুটি) :-
সন্দেহ, অতিশয়োক্তি, সমাসোক্তি, দৃষ্টান্ত।

[৫×২]

অথবা

অলংকার নির্ণয় করো (যে কোনো দুটি) :-

- (ক) কাগজের নৌকার মতো
ভাসমান যেন জীবন।
(খ) এমন মানব জমিন রইল পতিত
আবাদ করলে ফলত সোনা।
(গ) আকাশের কান্নায়
বাতাসও আজ সমব্যথী।
(ঘ) কাগজ দিয়ে নৌকা বানায় বেকার যত ছেলেপিলে,
কর্ণ ধরে পার করবেন দু-এক পয়সা খেয়া দিলে।

- ৬। প্রসঙ্গসহ তাৎপর্য লেখো (যে কোনো একটি) :-

[১×৫]

- (ক) উঁচা উঁচা পাবত তহিঁ বসই সবরী বালী।
মোরঙ্গী পীচ্ছ পরহিন সবরী গীবত গুঞ্জরী মালী।।
(খ) সাক্ষমত চড়িলে দাহিন বাম মো হোহী।

- ৭। প্রসঙ্গসহ তাৎপর্য লেখো (যে কোনো একটি) :-

[১×৫]

- (ক) দাসী হআঁ তার পাত্র নিশিবোঁ আপনা।
(খ) শৈশবের নেহা বড়ায়ি কে না বিহড়াইল।

- ৮। ‘অক্ষুর তপন তাপে যদি জারব’ কোন্ পর্যায়ের পদ? এই পদের কাব্যসৌন্দর্য বিচার করে কবির বিশিষ্টতা উল্লেখ করো।

[১০]

অথবা

বৈষ্ণব পদাবলী বৈষ্ণব তত্ত্বেরই রসভাষ্য — আলোচনা করো।

[১০]

- ৯। আগমনী-বিজয়া পর্যায়ের শ্রেষ্ঠ কবির নাম কী? তোমার পাঠ্য পদগুলি অবলম্বনে উক্ত কবির শ্রেষ্ঠত্ব বিচার করো।

[১+৯]

অথবা

‘মাগো তারা ও শঙ্করী’ — পদের মধ্যে প্রতিফলিত ভক্তের আকৃতির যে স্বরূপ ধরা পড়েছে তার পরিচয় দাও।

[১০]

- ১০। বাংলা পুঁথির লিপি বিবর্তন সম্পর্কে লেখো।

[১০]

অথবা

বাংলা পুঁথি সম্পাদনা সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও।

————— X —————